



অগ্নি নিরাপত্তা আইনের সংস্কার সাধন

১ লা এপ্রিল ২০০৬ সাল হতে সরকার অগ্নি নিরাপত্তা আইনের সংস্কার সাধন করবে যেটা হবে আপনার ব্যবসার জন্য অগ্নি নিরাপত্তা আইনের প্রথম অংশ।

কাহাকে ইহা প্রভাবিত করবে ?

ব্যবসার পরিচালনার দায়িত্বরত যে কোন ব্যক্তি যেখানে কর্মচারির অথবা জনগনের পরিদর্শন আছে।

যদি আমি পরিবারের সদস্য নিয়োগ করি অথবা নিজে ব্যবসা চালাই তাহলে কি এটা মানতে হবে ?

না। যদি কর্মচারির অথবা জনগনের পরিদর্শন আপনার ব্যবসার জায়গায় থাকে তাহলে এই আইন মানতে হবে।

কোন কোন জায়গার উপর এই আইনের প্রভাব পড়বে না ?

নিজস্ব ঘর বসতবাড়ি।

এই আইন মানিয়া নেওয়ার জন্য আমাকে কি করতে হবে ?

যে কোন কর্মক্ষেত্রের পরিচালনার দায়িত্বরত ব্যক্তির আইনত কর্তব্য হল অগ্নি ঝুঁকি নিরূপন করা যাতে নিশ্চিত হওয়া যায় যে ব্যবসার জায়গার ভিতরের বা আশে পাশের জনগন অগ্নি জনিত ঝুঁকি থেকে নিরাপদ।

আপনাকে নিশ্চিত হতে হবে যে একজন যোগ্য ব্যক্তির মাধ্যমে অগ্নি ঝুঁকি নিরূপন করাইতেছেন। জরিপের ফলাফলে শনাক্তকৃত যে কোন খুঁটি সংশোধন করতে হবে।

আপনাকে হয়ত স্থানীয় অগ্নি নিরাপত্তা অফিসারকে জরিপের ফলাফল এবং ব্যবসার জায়গার মানচিত্র সরবরাহ করতে হবে।

আমি এখন কি করতে পারি ?

বর্তমান অগ্নি নিরাপত্তা আইন অনুযায়ী আপনাকে অগ্নি ঝুঁকি নিরূপন করতে হবে। এখন ও যদি এটা করে না থাকেন তাহলে করার জন্য প্রস্তুতি নিতে হবে।

পরবর্তীতে কি হবে ?

এক পর্যায়ে হয়ত একজন অগ্নি নিরাপত্তা অফিসার আপনার ব্যবসা পরিদর্শন করতে পারেন , যিনি যাচাই করে নিশ্চিত হবেন যে এই জায়গার জনগন অগ্নি জনিত ঝুঁকি থেকে নিরাপদ । অগ্নি নিরাপত্তা অফিসার ধার্য করবেন যে আপনি আপনার পরিচালনার দায়িত্ব সঠিক ভাবে পালন করতেন এবং আপনার ব্যবসার এলাকাকে নিরাপদ বানাতে আদেশ , উপদেশ ও আপনার সাথে কাজ করবেন । ফায়ার কন্ট্রোলের কর্তব্য হল এই আইন অনুসরণ করানো কিন্তু কেউ যদি এটা না মানেন তাহলে আদালতে মামলা রুজু করতে পারেন ।

অগ্নি নিরাপত্তা অফিসার কি চান ?

অগ্নি নিরাপত্তা অফিসার আপনার পরিচালনার রীতি নিরীক্ষা করে নিশ্চিত হবেন যে গ্রহনযোগ্য মানদণ্ডানুযায়ী অগ্নি নিরাপত্তা মেনে চলতেছেন এবং আপনার ব্যবসার জায়গা নিরাপদ এবং জনগন অগ্নি নিরাপত্তা ঝুঁকি থেকে মুক্ত । আপনার নির্গমন পথ পরীক্ষা করা হবে যাতে নিশ্চিত হওয়া যায় যে প্রয়োজনে জনগন সহজে এবং নিরাপদে আপনার ব্যবসা থেকে অপসারণ হতে পারে । নথিপত্র এবং লগবই প্রমান স্বরূপ পরীক্ষা করা হবে যে এখানের প্রত্যেকটি জিনিষ যেমন ফায়ার এলার্ম , জরুরি লাইটিং এক জন যোগ্য ব্যক্তি দ্বারা নিয়মিত পরীক্ষা করান হয় যাতে সংকটজনক অবস্থায় এগুলো কাজ করে । অগ্নি নিরাপত্তা অফিসার আর ও দেখবেন যে আপনি আপনার প্রত্যেকটি জিনিষ নিয়মিত পরীক্ষা করছেন ।

আর ও বিস্তারিত আমি কোথা থেকে জানতে পারব ?

যদি আপনার ইন্টারনেটের সুবিধা থাকে তাহলে সরকারের ওডিপিএম ODPM উয়েবসাইড থেকে আর ও অনেক কিছু জানতে পারবেন । ফায়ার এন্ড রেসকিউ’ তে ক্লিক করেন এবং পরে ফায়ার রেগুলেশনছ এন্ড সেফটি ফর বিজনেস এন্ড অরগানাইজেশনছ’ অনুসরণ করুন

<http://www.odpm.gov.uk>

বিকল্প ভাবে আপনি মিড এন্ড উয়েস্ট উয়েলস ফায়ার এন্ড রেসকিউ সার্ভিসের উয়েব সাইডে ডুকে বিজনেসেছ সেফটি’ ক্লিক করে ওয়ার্কপ্লেইছ রেগুলেশনছ অনুসরণ করুন ।

<http://mawwfire.gov.uk>

উভয় উয়েবসাইট থেকে ব্যবসায় আরসন (ইচ্ছাপূর্বক আগুন লাগানো) কমানোর মূল্যবান তথ্য পাওয়া যাবে ।

যদি আপনার ইন্টারনেটের সুবিধা না থাকে তাহলে (০৮৭০)৬০৬০৬৯৯ এই নাম্বারে ফোন করে স্থানীয় অগ্নি নিরাপত্তা অফিসার কে লাইন দেওয়ার জন্য অনুরূদ করতে পারেন ।